# বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি(বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী নং # ৭/৭এ, ব্লক # এইচ-১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

**বিজ্ঞপ্তি নংঃ বিজিএ/২০২৫/২৮৯** **তারিখঃ ১৫/১২/২০২৫**

**বিষয়ঃ ২০২৬ সালের বিজিএমইএ'র সদস্যপদ নবায়ন প্রসঙ্গে।**

এতদ্বারা বিজিএমইএ'র সম্মানিত সকল সদস্যদের আগামী ৩১শে জানুয়ারি ২০২৬ এর মধ্যে সদস্যপদ নবায়ন সম্পন্ন করার অনুরোধ জানানো যাচ্ছে। সদস্যপদ নবায়ন করার জন্য নিম্নলিখিত কাগজপত্রাদি জমা প্রদান করতে হবে ঃ

১. সভাপতি বরাবর ২০২৬ সালের নবায়নের জন্য প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পত্র।
২. হালনাগাদ ট্রেড লাইসেন্সের অনুলিপি (২০২৫-২০২৬ সালের)।
৩. হালনাগাদ আয়কর সনদপত্রের অনুলিপি (২০২৪-২০২৫ করবর্ষ)।
৪. হালনাগাদ কারখানা লাইসেন্সের অনুলিপি (২০২৫-২০২৬ সালের)।
৫. ২০২৫ সালের বিজিএমইএ'র সদস্য সনদপত্র (মূলকপি)।
৬. নবায়ন বাবদ বিজিএমইএ'র মনোনীত ব্যাংকে টাকা জমাদানের রশিদ ঃ

ক) ৫২-১০০ মেশিন (৫,০০০.০০ টাকা)।
খ) ১০১-২০০ মেশিন (৭,০০০.০০ টাকা)।
গ) ২০০ মেশিনের উপরে (১২,০০০.০০ টাকা)।

**প্রযোজ্য আইনি নির্দেশনাঃ**

সংঘবিধি এর অনুচ্ছেদ ৫(ক) অনুযায়ী, **"Any garment Industry recognized by the Government as such is eligible to become member"** অর্থাৎ সরকার কর্তৃক স্বীকৃত তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠান বিজিএমইএ এর সাধারন সদস্য হতে পারবে। এই বিষয়ে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বিধিমালা, ২০১৫ এবং বানিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এর প্রাসঙ্গিক বিধানসমূহ ঃ

১। **কারখানা নিবন্ধন ঃ** বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৬ (পূর্বের The Factories Act, ১৯৬৫, ধারা ৮) এবং বিধিমালা, ২০১৫ এর বিধি ৩৫৩ ও বিধি ৩৫৪ অনুযায়ী কারখানা নিবন্ধন, নকশা অনুমোদন ও লাইসেন্সিং বাধ্যতামুলক। নিবন্ধন ও লাইসেন্সিং প্রক্রিয়া ফর্ম-৭৭ ব্যবহার করে সম্পন্ন করতে হবে।

২। **ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর সনদপত্র ঃ** এস, আর, ও নং-১৪৪ আইন/২০২৫ মোতাবেক বানিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ বিধি ১২ এর উপ-বিধি (১) অনুযায়ী প্রতি বছর সংশ্লিষ্ট সংগঠন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর সনদপত্রের কপি দাখিল করতে হবে।

**ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদপত্র এবং কারখানা লাইসেন্সের মূলকপি বিজিএমইএ'র হিসাব শাখায় প্রদর্শন করে অনুলিপি জমা দিতে হবে।**

**গুরুত্বপূর্ণ নির্দেশনাঃ**

**Membership Management System (MMS) online** আপলোড ব্যতীত বিজিএমইএ'র সদস্যপদ নবায়ন করা হবে না ।

**যে সকল কারখানার বাস্তবিক অস্তিত্ব নেই সে সকল কারখানার বিজিএমইএ'র সদস্যপদ নবায়নযোগ্য হবে না ।**

সকল সদস্যদের আগামী ৩১ জানুয়ারি ২০২৬ এর মধ্যে উল্লেখিত কাগজপত্র বিজিএমইএ'র প্রধান কার্যালয়, ঢাকা অথবা আঞ্চলিক কার্যালয়, চট্রগ্রামে জমা দিয়ে নবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

১৫/১২/২৫

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
ভারপ্রাপ্ত সচিব
বিজিএমইএ